# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রধান প্রকৌশলী (পওর)-এর দপ্তর
বাপাউবো
পানি ভবন, ৭২ গ্রীনরোড, ঢাকা-১০০০।
email: ceonm.bwdb@gmail.com
ফোন ঃ ২২২২৩০৩৬১, ২২২২৩০০৯০

Office of the
Chief Engineer (O&M)
Bangladesh Water Development Board
Pani Bhobon, 72 Green Road, Dhaka-1000
email : ceonm.bwdb@gmail.com
Phone : 222230361, 222230090

স্মারক নং- প্রঃপ্রঃ/পওর/ই-১৮/২১ তারিখঃ ২১/০৭/২০২৫খ্রিঃ

## দপ্তরাদেশ

২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থ-বছরে বন্যা, জলোচ্ছ্বাস, উঁচু জোয়ার, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদির কারণে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন জোনের অধীন বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, নদী তীর সংরক্ষণ কাজ ও অন্যান্য অবকাঠামো সমূহের জরুরী মেরামত এবং বাপাউবোর অবকাঠামোসহ গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষার্থে আপদকালীন জরুরী কাজ বাস্তবায়নের নিমিত্ত কাজের প্রয়োজনীয়তা, পরিমাণ, ব্যয় ইত্যাদি নিরুপণের জন্য প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং, বাপাউবো, ঢাকা'র স্মারক নং- ৪২.০১.০০০০.০০০.০০৭.৪৯.০০০১.২১-৯১, তারিখ ঃ ০৮ জুলাই, ২০২৫ খ্রিঃ মোতাবেক Post Assessment কমিটি গঠন করা হয়েছে। উক্ত দপ্তরাদেশ মোতাবেক সংশ্লিষ্ট সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক জরুরী ঘোষণাকৃত কাজ সমাপ্ত হওয়ার পর তিনি তা যাচাই-বাছাই করে **১০(দশ) দিনের মধ্যে** সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলীর মাধ্যমে প্রধান প্রকৌশলী, পওর, বাপাউবো, ঢাকা এর নিকট এ সংক্রান্ত **প্রয়োজনীয় কাগজপত্রসহ** নোটশীট প্রেরণ করবেন। মাঠ দপ্তর থেকে নোটশীট প্রেরণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ-

১। আপদকালীন জরুরী কাজের Assessment করার নিমিত্তে প্রশাসনিক অনুমোদন (Appendix-II) সহ প্রয়োজনীয় দলিলাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সুপারিশসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করবেন।

২। জরুরী কাজের Post Assessment এর জন্য জারীকৃত দপ্তরাদেশে উল্লেখিত জরুরী কাজ সমুহ বাস্তবায়নের নির্দেশাবলীর vi নং নির্দেশনা মোতাবেক আপদকালীন জরুরী কাজের নোটশীটের সাথে আবশ্যিকভাবে জরুরী ফ্যাক্স বার্তা, জরুরী ঘোষণাপত্র, প্রশাসনিক অনুমোদন, অনুমোদিত ডিজাইন, অনুমোদিত প্রাক্কলন, মাঠ দপ্তর কর্তৃক গঠিত জরুরী কাজ তদারকির স্থানীয় কমিটির স্বাক্ষর সম্বলিত কাউন্টিং রেজিস্টারের ফটোকপি, কাজ বাস্তবায়নের রঙ্গিন ছবি (কাজের পূর্বের, কাজ চলাকালীন ও কাজের পরের একই অবস্থানের স্থিরচিত্র/ভিডিও) (পারিপার্শ্বিক সাপেক্ষে একই কোণে) সংযুক্ত করবেন।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এই দপ্তরাদেশ জারি করা হলো।

২৭/০৭/২০২৫
( তারিক আবদুল্লাহ আল ফায়াজ )
প্রধান প্রকৌশলী(পুর)
আইডি নম্বর: ৬৭০১১৪০০১
পওর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং- প্রঃপ্রঃ/পওর/ই-১৮/২১ তারিখঃ ২১/০৭/২০২৫খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদত্ত হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১. প্রধান প্রকৌশলী/প্রধান/অতিঃ প্রধান প্রকৌশলী ............................, বাপাউবো, ....................।
২. আহবায়ক, Post Assessment কমিটি, কমিটি নং ..........।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, .......................................সার্কেল, বাপাউবো, ............................।
৪. পরিচালক, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আই.সি.টি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েবসাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য।
৬. নির্বাহী প্রকৌশলী, (সকল) ................................................বিভাগ, বাপাউবো, ............................।
৭. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা/অর্থ/প্রশাসন) বাপাউবো, ঢাকা।

২৭/০৭/২০২৫
প্রধান প্রকৌশলী(পুর)
পওর, বাপাউবো, ঢাকা।